

কোটা সংস্কার আন্দোলনে কে এই অস্ত্রধারী?



আগ্নেয়াস্ত্র তাক করা যুবক হলেন ঢাকা কলেজ ছাত্রলীগের সাবেক নেতা হাসান মোল্লা।

সমকাল ডেস্ক

প্রকাশ: ১৬ জুলাই ২০২৪ | ০৩:৫১ | আপডেট: ১৬ জুলাই ২০২৪ | ০৪:৫০



কোটা সংস্কারের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের দিকে আগ্নেয়াস্ত্র তাক করা ব্যক্তির পরিচয় জানা গেছে। অনুসন্ধান জানা যায়, আগ্নেয়াস্ত্র তাক করা যুবক হলেন ঢাকা কলেজ ছাত্রলীগের সাবেক নেতা হাসান মোল্লা। তিনি ছাত্রলীগের সোহাগ-জাকির কমিটির সময় কেন্দ্রীয় সংসদের সহসম্পাদক ছিলেন।

সোমবার কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থী ও ছাত্রলীগের নেতাকর্মীদের দফায় দফায় হামলা ও সংঘর্ষ ঘটে। এ সময় নারী শিক্ষার্থীদেরও মারধর করে ছাত্রলীগ। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের তথ্যানুযায়ী ২৯৭ জন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন।

এদিকে একটি গণমাধ্যমে প্রকাশিত হামলার ছবিতে দেখা যায়, কার্জন হল এলাকায় নির্মিতব্য আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের নিচে ড. মুহম্মদ শহীদুল্লাহ হল গেটে এক যুবক আগ্নেয়াস্ত্র তাক করে আছেন। ছবিটি সামাজিক যোগাযোগ মাধ্যমেও ভাইরাল হয়।

অনুসন্ধান জানা যায়, হাসান মোল্লা ঢাকা কলেজের ২০০৭-৮ শিক্ষাবর্ষ ও আখতারুজ্জামান ইলিয়াস হলের আবাসিক শিক্ষার্থী ছিলেন। তিনি আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাবেক সভাপতি অ্যাডভোকেট মোল্লা মোহাম্মদ আবু কাউছারের বোনের ছেলে বলেও জানা যায়।

পরে যোগাযোগ করলে বিষয়টি নিশ্চিত করে মোল্লা আবু কাউছার বলেন, হাসান মোল্লা আমার ভাগিনা।

UNIBOTS

এছাড়া ঢাকা কলেজ ছাত্রলীগের একাধিক সাবেক নেতা আগ্নেয়াস্ত্র তাক করা হাসান মোল্লাকে শনাক্ত করেছেন। তাদেরকে আগ্নেয়াস্ত্র তাক করা গুলি ছুড়তে থাকা তরুণের ছবি দেখানো হলে হাসান মোল্লা বলে নিশ্চিত করেন। এ ছাড়া হাসান মোল্লার প্রাপ্ত ছবিতে হামলার ছবিতে মিলিয়ে একই ব্যক্তি বলে প্রতীয়মান হয়।

এ বিষয়ে জানতে হাসান মোল্লার একটি মোবাইল নম্বরে যোগাযোগ করা হলে ফোন বন্ধ পাওয়া যায়।